

প্রেমিকার সঙ্গে সারাদুপুর

প্রেমিকার সঙ্গে সারাদুপুর সাপগুড়ো খেলবার পর বাংলার যুবারা আজ
সাপুড়ে হয়ে গেছে। স্বপ্ন দেখবার জন্য ঘুমের ভেতর ওরা সাপ নিয়ে যায়,
আলো দেখবার জন্য অঙ্ককারের ভেতরও ওরা সাপনিয়ে যায়। আমরা বলি,
এ কিরকম প্রেম তোমাদের? বন্ধ করো এই বিষত্রিয়া, বন্ধ করো এই বিষত্রিয়া,
গাছের গায়ে ঠিকানা লিখতে লিখতে পাগল হরবোলা হঠাতে শিষ দিয়ে ওঠে
সম্পূর্ণ কঙ্কাল হয়ে যাবার আগে একজন লেখক, নদীজলে ভাসিয়ে দেয় প
ান্তুলিপি

দুলতে দুলতে পান্তুলিপি দুলতে দুলতে পান্তুলিপি নৌকার রূপ ধারণ করে
ওরই ওপর বসে এক ম্যাগপাই পাখি রত্নাত লোম ছুঁড়ে বারবার ঘোনতা জাগ
যায়

এ কি রকম প্রেম তোমাদের? ধাস নিতে নিতে মাটির তলায় চলে যাচ্ছ
যেন হাসতে চাও তোমরা কাঁদতে চাও তোমরা ওর ভেতরকার ঘন অঙ্ককারে
আমরা সংসার ফেলে, বিবাহবার্ষিকী ফেলে, তোমাদের দিকেই তাকিয়ে থাকি,
দেখি আজও তোমরা ঘুমের গায়ে রঙ করছো, স্বপ্নের গায়ে রঙ করছো,
সেইসব রঙ গড়িয়ে নামছে পাঁজরের ওপর, নাভির ওপর, আর অজন্ম সাপ
তোমাদের যুগ যুগ ধরে নিয়ে যাচ্ছে ঝাঁপি খোলা মহৎ অরণ্যের দিকে

জহর সেন মজুমদার

